গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা

স্মারক নম্বর: ৪১.০১.১৯২৭.০০০.০০.০০১.২১ তারিখ: ১৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি:

## উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ঘর ভাড়া পুন:বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৮ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১-৩৬ নং স্মারকমূলে জারিকৃত 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত' সংশোধিত পরিপত্র ও ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি'র সভা'র সিদ্ধান্ত মোতাবেক 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন', দোল্লাই নবাবপুর – এর ২য় তলার ০৪ (চার) টি কক্ষ সম্পূর্ণ বাণিজ্যিক কাজে ব্যবহারের নিমিত্তে ভাড়া দেওয়া হবে। আগ্রহী সম্মানীত ব্যবসায়ীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. ন. | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১) | আবেদন ফরম বিতরণের তারিখ | ১৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. থেকে ২৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. পর্যন্ত (উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে) |
| ২) | আবেদন ফরম জমাদানের সর্বশেষ তারিখ | ২৭ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. দুপুর ০২:০০ টা |
| ৩) | জমাকৃত আবেদন ফরমের বক্স খোলার তারিখ | ২৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. দুপুর ০২:০০ টা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, কুমিল্লা |
| ৪) | আবেদন ফরম জমাদানের স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, কুমিল্লা |
| ৫) | কক্ষ বরাদ্দের সময়সীমা | বরাদ্দের তারিখ হতে ০২ (দুই) বছর |
| ৬) | কক্ষসমূহের নির্ধারিত মাসিক ভাড়া'র পরিমাণ | ক) ২য় তলার প্রতি কক্ষের ভাড়া ২,০০০ (দুই হাজার) টাকা |
| ৭) | অগ্রিম জামানত | ক) প্রতি কক্ষের জন্য অগ্রিম জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং ০৩ (তিন) মাসের ভাড়া অগ্রিম। |
| ৮) | আবেদনপত্রের মূল্য | ৫০০ (পাঁচ শত) টাকা অফেরতযোগ্য |

শর্তাবলী:

১৬. উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের কক্ষ বরাদ্দ প্রাপ্তির পর নিম্নোক্ত ব্যবসা পরিচালনা করতে হবে।

| | | |
|---|---|---|
| ০১) সরকারি ও বেসরকারি ব্যাংক/বীমা | ০৭) ক্রোকারিজ সামগ্রী | ১৩) মুদি/মনিহারি দ্রব্যাদি |
| ০২) চিকিৎসকের চেম্বার | ০৮) ফার্মেসী | ১৪) কম্পিউটার সামগ্রী |
| ০৩) মোবাইল সামগ্রী | ০৯) ইলেকট্রনিক্স সামগ্রী | ১৫) প্লাস্টিক সামগ্রী |
| ০৪) লাইব্রেরী/স্টেশনারী | ১০) টেইলার্স | ১৬) গার্মেন্টস ব্যবসা |
| ০৫) জুতা ব্যবসা | ১১) জুয়েলারী সামগ্রী | ১৭) কসমেটিক্স সামগ্রী |
| ০৬) বেকারি/খাদ্য সামগ্রী | ১২) ক্যাবল অপারেটর | ১৮) কমিটি'র অনুমোদন সাপেক্ষে যেকোন বৈধ ব্যবসা |

১৭. 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি'র অনুমোদিত ও সরবরাহকৃত আবেদনপত্রে আগ্রহী ব্যবসায়ী/ব্যবসায়ীগণকে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

১৮. নির্ধারিত তারিখের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৯. আবেদনপত্রের সাথে অবশ্যই – এক (০১) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্রের কপি জমা দিতে হবে।

২০. বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি ২ (দুই) বছর পর ভবনের কক্ষসমূহের ভাড়া পুনঃনির্ধারণ করতে পারবে।

২১. কোন একটি বিষয়ে অথবা একই ক্যাটাগরিতে একাধিক আবেদনকারী পাওয়া গেলে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২২. কোন একটি ক্যাটাগরি অথবা সকল আবেদন হতে লটারীর মাধ্যমে দোকান বরাদ্দ প্রদান করতে হতে।

২৩. বরাদ্দকৃত কক্ষসমূহে অনৈতিক, আইনবিরোধী, রাষ্ট্র ও সমাজবিরোধী এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না। কমপ্লেক্স ভবনের সম্মান ক্ষুন্ন হয় এমন কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।

২৪. কোন অবস্থাতেই ভাড়াটিয়া/ব্যবসায়ীগণ নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এই স্থান ব্যবহার করতে পারবেন না এবং ভাড়াকৃত কক্ষ অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ (সাবলেট) দেওয়া যাবে না।

২৫. পরপর ০৩ (তিন) মাস ভাড়া প্রদান করতে ব্যর্থ হলে কোন কারণ-দর্শানো ছাড়াই বরাদ্দ বাতিল হয়ে যাবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

২৬. চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীকে বাসা বরাদ্দের চুক্তি সম্পাদনের সময় জামানত ও ০৩ (তিন) মাসের ভাড়া অগ্রিম প্রদান করতে হবে।

২৭. বিদ্যুৎ বিল বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পরিশোধ করতে হবে। জেনারেটর বিল, পানির বিল, পরিচ্ছন্নতা ও নিরাপত্তা কর্মীর বেতন বাবদ প্রদেয় অর্থ আলোচনা সাপেক্ষে কমিটি কর্তৃক নির্ধারণ করে দেওয়া হবে এবং বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তা পরিশোধ করতে হবে।

২৮. কর্তৃপক্ষ যেকোন সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল, কোন সিদ্ধান্ত পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ সংক্রান্ত সরকারি যেকোন পরিপত্র শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে।

২৯. বরাদ্দ প্রাপ্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের সাথে উল্লিখিত শর্ত সম্বলিত ০২ বছর মেয়াদী চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৩০. কোন ব্যক্তি/প্রতিষ্ঠান বরাদ্দ বাতিল করতে চাইলে কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষকে যথাযথভাবে অবহিত করবেন। অন্যথায় অগ্রিম জামানতের টাকা ফেরত দেওয়া হবে না।

১৭. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(তাপস শীল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা
বিষয়ক আহবায়ক কমিটি
চান্দিনা, কুমিল্লা।